# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (a) সম্প্রতি ভারতের বৃহত্তম রাষ্ট্রায়ত্ত সরকারি ব্যাঙ্ক এসবিআই কৃষকদের সহজ পদ্ধতিতে আর্থিক সাহায্য দানের জন্য কৃষি-প্রযুক্তিগত কোম্পানি 'ফসল' নামক সংস্থার সঙ্গে মউ স্বাক্ষর করেছে। এই মউ চুক্তির ফলে সংস্থাটি কৃষকদের তিন লক্ষ টাকা পর্যন্ত কোল্যাটারাল মুক্ত ঋণ প্রদান করতে পারবে।

2. (a) সম্প্রতি ন্যাশনাল কংগ্রেস দলের বর্ষীয়ান দলনেতা মিগুয়েল দিয়াজ-ক্যানাল কিউবার প্রেসিডেন্ট হিসাবে পুনর্নির্বাচিত হয়েছেন। তিনি এবারের নির্বাচনে ৯৭.৬৬ শতাংশ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। অ্যাচিভার্স

3. (b) সম্প্রতি হিমাচল প্রদেশ ভারতের প্রথম রাজ্য হিসাবে বেওয়ারিশ মৃতদেহের ডিনএনএ ডেটাবেস তৈরি করতে চলেছে। প্রথম পর্যায়ে ১৫০টি বেওয়ারিশ মৃতদেহের ডিএনএ নমুনা সংগ্রহ করে এই কর্মসূচী শুরু করা হয়েছে।

4. (c) সম্প্রতি অসম ও অরুণাচল প্রদেশের মধ্যে অবস্থিত ৮০৪ কিলোমিটার জুড়ে সীমানা অঞ্চলের অমীমাংসিত সীমানা বিরোধ নিষ্পত্তির জন্য অরুণাচল প্রদেশ ও অসম সরকারের সঙ্গে যৌথ মউ স্বাক্ষরিত হয়েছে। এই মউ স্বাক্ষরের ফলে অসমের অন্তর্ভুক্ত ৬০টি গ্রাম অরুণাচল প্রদেশের অংশ এবং অরুণাচল প্রদেশের ১টি গ্রাম অসমের অন্তর্ভুক্ত হয়েছে।

5. (c) সম্প্রতি InPrime Finserve নামক নন-ব্যাঙ্কিং ফিনান্সিয়াল কোম্পানি হিসাবে কাজ করার জন্য আরবিআই-এর কাছ থেকে সার্টিফিকেট অফ রেজিস্ট্রেশন লাভ করেছে।

6. (b) সম্প্রতি বেঙ্গালুরুর স্টার্টআপ কোম্পানি CoRover এলআইসি'র যৌথ সহযোগিতায় কথোপকথনের জন্য AI Chatbot LIC Mitra চালু করেছে।

7. (c) সম্প্রতি এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাঙ্কের সদস্য দেশগুলি সংযুক্ত আরব আমিরশাহির আবুধাবিতে সংশ্লিষ্ট ব্যাঙ্কের বিদেশি শাখা অফিস গড়ে তুলতে চলেছে।

8. (b) সম্প্রতি ভারতীয় বায়ুসেনাবাহিনীর উইং কমান্ডার দীপিকা মিশ্র প্রথম মহিলা বায়ুসেনা অফিসার সাহসিকতা ও বীরত্বের জন্য বায়ুসেনা মেডেলে ভূষিত হলেন। অ্যাচিভার্স

9. (a) সম্প্রতি বি আর আম্বেদকরের ১৩২তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে তেলেঙ্গানার হায়দ্রাবাদে ১২৫ ফুট উচ্চতা বিশিষ্ট ব্রোঞ্জ মুর্তি উন্মোচিত হল। এই মুর্তির ভাস্কর্যশিল্পী হলেন পদ্মভূষণ পুরস্কার বিজয়ী বিশিষ্ট স্থপতিকার রাম ভানজি সুতার।

10. (c) সম্প্রতি বিশ্বব্যাঙ্ক কর্তৃক প্রকাশিত লজিস্টিক পারফরমেন্স ইনডেক্স-এ ভারত ৩৮তম স্থানে রয়েছে; যে তালিকায় সিঙ্গাপুর রয়েছে প্রথম স্থানে। অ্যাচিভার্স

11. (a) সম্প্রতি ভারতের বৃহত্তম রাষ্ট্রায়ত্ত বেসরকারি আইসিআইসিআই ব্যাঙ্ক ব্যাঙ্ক ঋণের ইএমআই প্রদান করার জন্য কিউআর কোড ভিত্তিক ইউপিআই পেমেন্ট সিস্টেম চালু করেছে।

12. (c) সম্প্রতি বিসিপি এমারাল্ড এগ্রিগেডর এলপি কোম্পানি এমারসন ইলেকট্রিক কোম্পানিকে অধিগ্রহণ করার জন্য কম্পিটিশন কমিশন অফ ইন্ডিয়ার অনুমোদন লাভ করেছে।

13. (a) সম্প্রতি প্রয়াত ত্রিলোচন কানুনগো একজন বিশিষ্ট রাজনীতিবিদ ছিলেন। তিনি ওড়িশার বিজু জনতা দলের হয়ে লোকসভার সাংসদ হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন। এছড়াও তিনি ওড়িশার দ্বিতীয় অর্থ কমিশনের চেয়ারম্যান হিসাবে দীর্ঘদিন নিযুক্ত ছিলেন। অ্যাচিভার্স

14. (b) প্রকৃতির সঙ্গে মানবজাতির সম্পর্ককে এক সুদৃঢ় ভিত্তির ওপর স্থাপন করার জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে ২২ এপ্রিল সারা বিশ্বজড়ে রাষ্ট্রসংঘ কর্তৃক ইন্টারন্যাশনাল মাদার আর্থ ডে পালিত হল।

15. (a) সম্প্রতি বাংলাদেশের ২২তম প্রেসিডেন্ট হিসাবে মহম্মদ শাহাবুদ্দিন দায়িত্বভার গ্রহণ করলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী মহম্মদ আব্দুল হামিদের স্থলাভিষিক্ত হলেন।

16. (b) সম্প্রতি এস এম ভান্দিবাদ কর্ণাটক বিকাশ গ্রামীণ ব্যাঙ্কের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে কানাড়া ব্যাঙ্কের পাটনা সার্কেলের প্রধান হিসাবে কর্মরত ছিলেন। অ্যাচিভার্স

17. (c) ২৩ এপ্রিল সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড বুক অ্যান্ড কপি রাইট ডে পালিত হল, যার এবছরের থিম হল–– 'Indigenous Languages'.

18. (a) সম্প্রতি ১৯৮৪ সালের ব্যাচের কেরল ক্যাডারের আইপিএস অফিসার অরুণ কুমার সিনহা ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে অস্থায়ী চেয়ারম্যান হিসাবে নিযুক্ত ছিলেন।

19. (b) ২৫ এপ্রিল পালিত হওয়া ওয়ার্ল্ড ম্যালেরিয়া ডে'র এবছরের থিম হল– 'Time to Deliver Zero malaria : invest innovate implement'. অ্যাচিভার্স

20. (d) সম্প্রতি প্রয়াত প্রকাশ সিং বাদল পাঞ্জাবের পাঁচবারের প্রাক্তন মুখ্যমন্ত্রী ছিলেন। এছাড়াও তিনি দীর্ঘদিন কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।

21. (a) সম্প্রতি অনন্ত মাহেশ্বরী 'ন্যাসকমে'র চেয়ারপার্সন হিসাবে পূর্ববর্তী পদাধিকারী কে রামানুজমের স্থলাভিষিক্ত হলেন।

22. (b) ২৬ এপ্রিল সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রপার্টি ডে'র এবছরের থিম হল– 'Women and IP : Accelerating Innovation and Creativity'.

23. (b) নবাব মহম্মদ আব্দুল আলি সম্প্রতি ২০২৩ সালের ইন্দো-অস্ট্রেলিয়ান অ্যাসোসিয়েশন মেরিটোরিয়াস অ্যাওয়ার্ডে ভূষিত হলেন। তিনি বর্তমানে তামিলনাড়ুর চেন্নাইয়ের আমীর মহলের যুবরাজ হিসাবে অধিষ্ঠিত আছেন। অ্যাচিভার্স

24. (b) রেল বিকাশ নিগম লিমিটেড সম্প্রতি মিনিরত্ন ক্যাটাগরি থেকে উন্নীত হয়ে নবরত্ন কোম্পানিতে পরিণত হয়েছে।

25. (a) সম্প্রতি ইফকো (IFFCO - Indian Farmers Fertilisers Co-Operative Limited) নতুন দিল্লিতে বিশ্বের প্রথম লিকুইড ন্যানো ডিএপি তৈরি করা শুরু করেছে।

26. (d) রাষ্ট্রীয় ইস্পাত নিগম লিমিটেড (RINL) ২০২১-২২ সালের ইস্পাত রাজভাষা সম্মানে ভূষিত হয়েছে। এই সংস্থাটি ভাইজ্যাগ স্টিল নামেও পরিচিত।

27. (a) সম্প্রতি এন কামাকোডি, সিটি ইউনিয়ন ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে পরবর্তী তিন বছরের জন্য পুনর্নিযুক্ত হলেন যা ১ মে ২০২৩ থেকে কার্যকরী হবে।

28. (a) সম্প্রতি কেন্দ্রীয় ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পোদ্যোগ মন্ত্রী নারায়ণ রানে মুম্বাইয়ে 'CGTMSE Scheme'-এর আনুষ্ঠানিক উদ্বোধন করলেন। অ্যাচিভার্স

29. (b) সম্প্রতি জম্মু ও কাশ্মীরের ভারতের প্রথম কেবল নির্ভর রেলওয়ে ব্রিজ তৈরি হল। এই ব্রিজটি কাটরা এবং রেয়াসির মধ্যে সংযোগ সাধন করেছে।

30. (d) এসবিআই সম্প্রতি গ্রাহকদের সৌর বিদ্যুৎ ঋণ প্রদান করার জন্য রিডিংটন লিমিটেডের সঙ্গে মউ স্বাক্ষর করেছে। এর ফলে গ্রাহকরা অল্প সুদে ৫ লক্ষ টাকা অবধি ঋণ পেতে পারেন। অ্যাচিভার্স

31. (d) সম্প্রতি এ মাধব রাও, ভারত ডায়নমিক্স লিমিটেডের সিএমডি হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই সংস্থার টেকনিক্যাল বিষয়ক ডিরেক্টর ছিলেন।

32. (a) ২৮ এপ্রিল সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড ডে ফর সেফটি অ্যান্ড হেলথ অ্যাট ওয়ার্ক' পালিত হল, যার এবছরের থিম হল— A Safe and healthy working environment as a fundamental principle and Right at Work'.

33. (a) ২৭ এপ্রিল থেকে ১১ মে ভারত ও ব্রিটিশ যুক্তরাজ্যের মধ্যে যৌথ সামরিক মহড়া 'অজেয় ওয়ারিয়র' অনুষ্ঠিত হল। ভারতের হয়ে এই অনুষ্ঠানে যোগ দিয়েছিল ভারতীয় সেনাবাহিনীর বিহার রেজিমেন্ট। অ্যাচিভার্স

34. (a) সম্প্রতি আরবিআই কর্তৃক প্রকাশিত 'Sectoral Development of Bank Credit March 2023' অনুযায়ী সিডিউলড কমার্শিয়াল ব্যাঙ্কের ক্রেডিট গ্রোথ 15.4% হয়েছে।

35. (a) সম্প্রতি প্রকাশিত এডিবি'র বার্ষিক রিপোর্ট অনুযায়ী ২০২২ সালে পাকিস্তান এডিবি'র কাছ থেকে সবচেয়ে বেশি অর্থ অর্থাৎ 5.58 বিলিয়ন মার্কিন ডলার ঋণ হিসাবে গ্রহণ করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২২ অর্থবর্ষে এডিবি সারা বিশ্বের মোট 40টি দেশকে 31.8 বিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করেছে।

36. (b) সম্প্রতি দেবব্রত চাঁদ ব্যাঙ্ক অফ বরোদার এমডি এবং সিইও হিসাবে এই পদে পূর্ববর্তী পদাধিকারী সঞ্জীব চাধার স্থলাভিষিক্ত হয়েছেন। অ্যাচিভার্স

37. (a) সম্প্রতি রাজনীশ কর্নাটক ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার এমডি এবং সিইও হিসাবে এই পদে পূর্ববর্তী পদাধিকারী অতনু কুমার দাসের স্থলাভিষিক্ত হলেন।

38. (a) সম্প্রতি স্পেনের বার্সেলোনাতে অনুষ্ঠিত ২০২৩ সালের বার্সেলোনা ওপেন টেনিস টুর্নামেন্টে পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন কার্লোস আলকারেজ। তিনি গ্রিসের স্টিফানোজ টিটসিপাসকে পরাজিত করে এই খেলায় চ্যাম্পিয়ন হয়েছেন।

39. (a) সম্প্রতি অনুষ্ঠিত স্টার্টগাট ওপেন টেনিস প্রতিযোগিতায় মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন পোল্যান্ডের ইগা সোয়াটেক।

40. (d) সম্প্রতি প্রকাশিত 'কালেক্টিভ স্পিরিট, কংক্রিট অ্যাকশনস' গ্রন্থের রচয়িতা হলেন শশী শেখর ভেম্পাতি।

41. (c) ২৯ এপ্রিল সারা বিশ্বজুড়ে 'ইন্টারন্যাশনাল ড্যান্স ডে' পালিত হল। অ্যাচিভার্স

42. (a) সম্প্রতি নতুন দিল্লিতে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক এবং ন্যাশনাল এগ্রিকালাচারাল কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন অফ ইন্ডিয়া লিমিটেড যৌথভাবে মিলেটস এক্সপেরিয়েন্স সেন্টার গড়ে তুলল।

43. (d) ২৪ এপ্রিল থেকে ৪ মে গ্রিসের বায়ুসেনা বহুজাতিক বায়ুসেনা মহড়া 'INIOCHOS-23' আয়োজন করল। এই মহড়ায় ভারতের চারটি SU-30 MKI এবং দুটি C-17 এয়ারক্র্যাফট অংশগ্রহণ করেছিল।

44. (c) সম্প্রতি ব্যাঙ্ক অফ ইন্ডিয়া প্রবীণ নাগরিকদের জন্য 'শুভ আরম্ভ ডিপোজিট স্কিম' চালু করেছে। এই স্কিমের আওতায় প্রবীণ নাগরিকরা জমানো টাকায় ৭.৮০ শতাংশ হারে সুদ পেয়ে থাকে। অ্যাচিভার্স

45. (a) সম্প্রতি কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি এলআইসি'র চেয়ারপার্সন হিসাবে সিদ্ধার্থ মোহান্তিকে নিযুক্ত করার সুপারিশ করেছে, যিনি এই পদে ২০২৪ সালের ২৯ জুন পর্যন্ত নিযুক্ত থাকবেন।

46. (b) সম্প্রতি শান্তনু রয় BEML Limited-এর সিএমডি হিসাবে নিযুক্ত হলেন। প্রসঙ্গত উল্লেখ্য BEML Limited পূর্বে ভারত আর্থ মুভার্স লিমিটেড নামে পরিচিত ছিল। অ্যাচিভার্স

47. (c) সম্প্রতি প্রকাশিত 'Reflections' নামক গ্রন্থটির রচয়িতা হলেন বিশিষ্ট ব্যাঙ্কার এবং আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেডের প্রাক্তন চেয়ারম্যান নারায়ণন ভাঘুল।

48. (a) ২৪-৩০ এপ্রিল পালিত 'ওয়ার্ল্ড ইমিউনাইজেশন উইকে'র থিম হল– 'The Big Catch-Up'. প্রসঙ্গত উল্লেখ্য, ২০১২

সালে ওয়ার্ল্ড ইমিউনাইজেশন উইক প্রথম পালন করা শুরু হয়েছিল।

49. (c) ২৯ এপ্রিল সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড ভেটেরিনারি ডে' পালিত হল, যার এবছরের থিম হল– 'Promoting Diversity, Equity and Inclusiveness in the Vaterinary Profession'. অ্যাচিভার্স

50. (d) সম্প্রতি এস ভি ভাটি কেরল হাইকোর্টের কার্যকরী প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী এস মনিকুমারের স্থলাভিষিক্ত হলেন।

51. (c) সম্প্রতি ভারতীয় বংশোদ্ভুত ব্রিটিশ অভিনেত্রী মীরা সায়াল ২০২৩ সালের 'বাফটা ফেলোশিপ' সম্মানে ভূষিত হলেন।

52. (b) সম্প্রতি বুক ফিল্ড অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি, রোস্টাম রিয়েলিটি প্রাইভেট লিমিটেডের ৫১% শেয়ার অধিগ্রহণ করল।

53. (a) সম্প্রতি ভারতের সুমিত নাগাল ২০২৩ সালের রোমা গার্ডেন ওপেন টেনিস টুর্নামেন্টে পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন। তিনি নেদারল্যান্ডের জেসপার ডি জং কে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছেন।

54. (b) সম্প্রতি প্রকাশিত 'Make in India : 75 Years of Business and Enterprise' গ্রন্থের রচয়িতা হলেন অমিতাভ কান্ট। অ্যাচিভার্স

55. (c) ২ মে সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড অ্যাজমা ডে' পালিত হল, যার এবছরের থিম হল— 'Asthma Care for All'.

56. (d) সম্প্রতি এয়ারটেল পেমেন্টস ব্যাঙ্ক, ফেস অথেন্টিকেশন আধার এনাবেল পেমেন্ট সিস্টেম চালু করার জন্য এনপিসিআই-এর সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

57. (a) ২ মে সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড টুনা ডে' পালিত হল, যেটি ২০১৭ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল।

58. (a) সম্প্রতি জনা স্মল ফিনান্স ব্যাঙ্ক গ্রাহকদের গোল্ড লোন দেওয়ার জন্য দাভারা স্মার্ট গোল্ড প্রাইভেট লিমিটেডের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

**একনজরে জনা স্মল ফিনান্স ব্যাঙ্ক—** অ্যাচিভার্স

- **প্রতিষ্ঠাকাল—** ২০১৮।
- **সদর কার্যালয়—** বেঙ্গালুরু।
- **বর্তমান সিইও—** অজন কানোয়াল।

59. (b) সম্প্রতি আজারবাইজানের বাকুতে অনুষ্ঠিত ২০২৩ সালের 'আজারবাইজান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতা'য় চ্যাম্পিয়ন হলেন মেক্সিকোর রেডবুল ড্রাইভার সার্জিও পেরেজ।

60. (a) ৩ মে সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ডে' পালিত হল, যার এবছরের থিম হল– 'Shaping a Future of Rights : Freedom of Expression as a Driver for all other human rights'.

61. (c) কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক ২০২৩-২৪ অর্থবর্ষে ৩৩২ মিলিয়ন টন পরিমাণ খাদ্যশস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা নিয়েছে, যার মধ্যে ২৯.২৫ মিলিয়ন টন ডালশস্য, ৪৪ মিলিয়ন টন তৈলবীজ এবং ১৭ মিলিয়ন টন মিলেটস রয়েছে।

62. (c) ইয়েস ব্যাঙ্ক ভারতীয় রপ্তানীকারকদের আন্তর্জাতিক লেনদেনের ক্ষেত্রে সুবিধা প্রদান করতে 'Cashfree Payments' সংস্থার সঙ্গে যৌথ অংশীদারিত্ব করেছে।

63. (a) অজয় পাল সিং বাঙ্গা সম্প্রতি ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রেসিডেন্ট হিসাবে এই পদে পূর্ববর্তী পদাধিকারী ডেভিড মালপাসের স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

64. (c) সম্প্রতি অনুজ ত্যাগী এইচডিএফসি আর্গো জেনারেল ইন্সিয়োরেন্স কোম্পানি লিমিটেডের যুগ্ম এমডি হিসাবে নিযুক্ত হয়েছেন।

65. (d) ৪ মে সারা বিশ্বজুড়ে 'ইন্টারন্যাশনাল ফায়ার ফাইটার্স ডে' পালিত হল, যেটি ১৯৯৯ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল।

66. (d) সম্প্রতি টি এস শিবাগ্নানম ক্যালকাটা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই হাইকোর্টের কার্যকরী প্রধান বিচারপতি হিসাবে দায়িত্ব পালন করে আসছিলেন। অ্যাচিভার্স

67. (b) সম্প্রতি মেঘালয় রাজ্যের পশ্চিম জয়ন্তিয়া পার্বত্য এলাকায় ডাওকি ল্যান্ড পোর্ট চালু হল। ভারত ও বাংলাদেশের মধ্যে বাণিজ্যিক সম্পর্ক দৃঢ় করার উদ্দেশ্যে এই পোর্ট চালু করা হয়েছে।

68. (c) সম্প্রতি ক্যাপিটাল স্মল ফিনান্স ব্যাঙ্ক গ্রাহকদের জীবন বিমা পরিষেবা দেওয়ার জন্য ম্যাক্স লাইফ ইন্সিয়োরেন্স কোম্পানির সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

69. (b) সম্প্রতি ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ডের প্রাক্তন অর্থনীতিবিদ এবং প্যারগুয়ের কনজারভেটিভ কলোরাডো পার্টির দলনতো শান্তিয়াগো পেনা প্যারাগুয়ের রাষ্ট্রপতি নির্বাচনে জয়লাভ করেছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী মারিও আবদো বেনিটেজের স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

70. (a) ৫ মে 'ইন্টারন্যাশনাল ডে অফ মিডওয়াইফ' পালিত হল, যার এবছরের থিম হল— 'Together again : from evidence to reality'.

71. (c) কেন্দ্রীয় সরকার ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচারাল রিসার্চের পুনর্গঠনের পরামর্শ গ্রহণের জন্য সঞ্জয় গর্গের নেতৃত্বে ১১ সদস্যের হাই লেবেল কমিটি গঠন করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচারাল রিসার্চ ১৯২৯ সালে প্রতিষ্ঠিত হয়েছিল।

72. (c) সম্প্রতি মহারাষ্ট্রের মুম্বাইতে এশিয়ার বৃহত্তম বায়োগ্যাস প্ল্যান্ট গড়ে উঠতে চলেছে, যেটি প্রতিদিন ১ হাজার টন কমপ্রেসড বায়োগ্যাস উৎপাদনে সক্ষম। অ্যাচিভার্স

73. (a) সম্প্রতি ভারত পে তাদের মাল্টিব্র্যান্ড লয়ালিটি প্রোগ্রাম 'পেব্যাক ইন্ডিয়া'র (PAYBACK India) নাম পরিবর্তন করে 'জিলিয়ন' (Zillion) রাখল।

74. (a) সম্প্রতি ফোর্বস প্রকাশিত ২০২৩ সালের বিশ্বের সর্বাধিক উপার্জনকারী ক্রীড়াবিদদের তালিকায় প্রথম স্থানে আছেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। অ্যাচিভার্স

75. (a) সম্প্রতি প্রদত্ত ২০২৩ সালের 'লেপজিগ বুক অ্যাওয়ার্ড ফর ইউরোপিয়ান আন্ডারস্ট্যান্ডিং'-এ ভূষিত হলেন রাশিয়ার বিশিষ্ট ইহুদি লেখিকা মারিয়া স্টেফানোভা।

76. (b) সম্প্রতি কাজাখস্তানের আস্তানাতে অনুষ্ঠিত ২০২৩ সালের ১৭তম 'ওয়ার্ল্ড চেস চ্যাম্পিয়নশিপে' জয়লাভ করলেন চীনের ডিং লিরেন। তিনি রাশিয়ার ইয়ান নেপোমনিয়াচ্চিকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছেন।

77. (b) সম্প্রতি প্রকাশিত 'Sachin@50–Celebrating a Maestro' নামক গ্রন্থের রচয়িতা হলেন বিশিষ্ট ক্রীড়া ঐতিহাসিক বোরিয়া মজুমদার।

78. (b) ৩ মে সারা বিশ্বজুড়ে 'ইন্টারন্যাশনাল লেপার্ড ডে' পালিত হল। অ্যাচিভার্স

79. (d) সম্প্রতি ভারতের মধ্যে প্রথম রাজ্য হিসাবে উত্তরপ্রদেশ রাজ্য সরকার শিশুদের জন্য ডিজিটাল হেলথ কার্ড চালু করেছে।

80. (a) সম্প্রতি মহারাষ্ট্রের মুম্বাইয়ে অবস্থিত সম্মুখানন্দ অডিটোরিয়ামে আয়োজিত এক পুরস্কার বিতরণী সভায় 'ভারতরত্ন ডক্টর আম্বেদকর অ্যাওয়ার্ড'-এ ভূষিত হলেন উত্তরপ্রদেশের মুখমন্ত্রী যোগী আদিত্যনাথ।

81. (a) সম্প্রতি ফ্লোরিডার মিয়ামিতে অনুষ্ঠিত ২০২৩ সালের 'মিয়ামি গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতা'য় চ্যাম্পিয়ন হয়েছেন নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন।

82. (d) সম্প্রতি পাঞ্জাব রাজ্য সরকার ভারতের প্রথম রাজ্য হিসাবে 'Right to Walk' কার্যকরী করেছে।

83. (a) সম্প্রতি রাজীব ধর 'NIIFL' এর এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সুজয় বোসের স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

84. (a) সম্প্রতি ডব্লিউ ডব্লিউ সিমিনা ফেডারেশন স্টেটস অফ মাইক্রোনেশিয়ার প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ডেভিড ডব্লিউ পানুলোর স্থলাভিষিক্ত হলেন।

85. (c) ১১ মে সারা দেশজুড়ে 'ন্যাশনাল টেকনোলজি ডে' পালিত হল, যার এবছরের থিম হল– 'School to Startups - Igniting Young minds to Innovate'.

86. (c) সম্প্রতি চীনের কিংবদন্তী ব্যাডমিন্টন খেলোয়াড় লিন ডান এবং মালয়েশিয়ার লি চোং উই ২০২৩ সালের বিডব্লিউএফ হল অফ ফেম সম্মানে ভূষিত হলেন। অ্যাচিভার্স

87. (a) সম্প্রতি তেলেঙ্গানা রাজ্য গীতা কর্মিকুলা বিমা স্কিম চালু করেছে। এই স্কিমের আওতায় টোডি ট্যাপারস সম্প্রদায়কে ৫ লক্ষ টাকার জীবন বিমা পরিষেবা প্রদান করা হবে।

88. (d) সম্প্রতি বিশিষ্ট অ্যাস্ট্রোফিজিস্ট এবং অ্যাস্ট্রোনমিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়ার প্রাক্তন প্রেসিডেন্ট জয়ন্ত বিষ্ণু নারলিকর এএসআই গোবিন্দস্বরূপ লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডে ভূষিত হলেন। অ্যাচিভার্স

89. (a) সম্প্রতি লিন্ডা ইয়াক্কারিনো সোশাল নেটওয়ার্কিং সাইট ট্যুইটারের সিইও হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী এলন মাস্কের স্থলাভিষিক্ত হলেন।

90. (c) সম্প্রতি বলিউড চলচ্চিত্র অভিনেত্রী আলিয়া ভাট ভারতীয় গুচি'র গ্লোবাল অ্যাম্বাস্যাডর নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার সুবাদে ২০২৪ সালে আয়োজিত গুচি ক্রুজ শোতে উপস্থিত থাকবেন।

91. (b) সম্প্রতি প্রবীণ সুদ সিবিআই-এর ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে কর্ণাটক পুলিশের ডিজি হিসাবে কর্মরত ছিলেন।

92. (b) সম্প্রতি বাকু ওপেন দাবা প্রতিযোগিতায় মার্কিন যুক্তরাষ্ট্রের হ্যান্স নেইম্যানকে পরাজিত করার সুবাদে ভারতের ভুপাল্লা প্রণীত ভারতের ৮২তম গ্র্যান্ড মাস্টার খেতাব জয়লাভ করলেন। অ্যাচিভার্স

93. (a) ১৫ মে সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল ডে অফ ফ্যামিলি পালিত হল, যার এবছরের থিম হল– 'Demographic Trends and Families'.

94. (b) সম্প্রতি রভনীত কৌর কম্পিটিশন কমিশন অফ ইন্ডিয়ার চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হয়েছেন। ১৯৮৮ সালের পাঞ্জাব ক্যাডারের এই আইএএস অফিসার প্রথম মহিলা হিসাবে এই পদে নিযুক্ত হলেন।

95. (c) সম্প্রতি অনিল কুমার জৈন পেট্রোলিয়াম অ্যান্ড ন্যাচারাল গ্যাস রেগুলেটরি বোর্ডের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী দীনেশ কুমার সারফ-এর স্থলাভিষিক্ত হলেন।

96. (a) ১৬ মে ডেঙ্গু সম্পর্কে সারা দেশজুড়ে জনসচেতনতা গড়ে তুলতে 'ন্যাশনাল ডেঙ্গু ডে' পালিত হল। অ্যাচিভার্স

97. (c) সম্প্রতি ভবেশ গুপ্ত পেটিএম এর প্রেসিডেন্ট এবং চিফ অপারেটিং অফিসার হিসাবে নিযুক্ত হলেন।

98. (c) সম্প্রতি মধ্যপ্রদেশ রাজ্য সরকার 'মুখ্যমন্ত্রী কৃষক ব্যায়াজ মাফি যোজনা' চালু করেছে। ঋণ খেলাপি কৃষকদের ঋণ সংক্রান্ত মীমাংসা নিষ্পত্তির জন্য এই স্কিম চালু করা হয়েছে।

99. (c) সম্প্রতি প্রয়াত হিন্দুজা গ্রুপের প্রাক্তন চেয়ারম্যানের নাম শ্রীচাঁদ পরমানন্দ হিন্দুজা। অ্যাচিভার্স

100. (d) সম্প্রতি প্রমোদ ভাসিন ডেটা সিকিউরিটি কাউন্সিলের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রাজেন্দ্র এস পাওয়ারের স্থলাভিষিক্ত হলেন।

★★★